# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৩৮

২৩. কুরআনের ফযীলত অধ্যায় (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ৩৪. কুরআন সুমধুর সূরে পাঠ করা

باب التَّغَنِّي بِالْقُرْآنِ

## আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ دَخَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَمِعَ قِرَاءَةَ رَجُلٍ فَقَالَ مَنْ هَذَا قِيلَ عَبْدُ اللَّهِ بْنُ قَيْسٍ قَالَ لَقَدْ أُوتِيَ هَذَا مِنْ مَزَامِيرِ آلِ دَاوُدَ

## বাংলা

৩৫৩৮. আবূ হুরাইরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মসজিদে প্রবেশ করে এক ব্যক্তির কুরআন তিলাওয়াত শোনেন। তিনি জিজ্ঞেস করেন: “এই ব্যক্তি কে?” বলা হলো, ’আবদুল্লাহ ইবনু কায়েস। তিনি বলেন: “একে দাউদ (আ.)-এর সুমধুর কণ্ঠস্বর দান করা হয়েছে।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: আমরা এর তাখরীজ দিয়েছি মাওয়ারিদুয যাম’আন নং ২২৬৪; সহীহ ইবনু হিব্বান নং ৭১৯৬ তে। ((ইবনু মাজাহ, সালাত ১৩৪১; আহমাদ ২/৪৫০।-ফাতহুল মান্নান নং ৩৭৭১।-অনুবাদক))

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83823

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন